

২৩ ১৫

জাবিতে ছাত্রী যৌন নিপীড়নের তদন্তকাজ থেমে গেছে

প্রতিনিধি, জাবি

জামশেদপুরের বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক ড. গোলাম মোস্তফার বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ তদন্তের কাজ থেমে গেছে। অভিযুক্ত শিক্ষককে চূড়ান্ত তদন্ত কমিটির দেয়া দুটি কারণ দর্শানোর চিঠির একটিও গ্রহণ না করায় এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে জানা গেছে। এর আগে প্রাথমিকভাবে তদন্ত কমিটি গঠন করা হলে ঘটনার সত্যতা পাওয়া যায়। এরই পরিপ্রেক্ষিতে গর্বিত ছয় চূড়ান্ত তদন্ত কমিটি।

সূত্র মতে, বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ১০ ছাত্রী এই শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন ৯ ডিসেম্বর প্রাথমিক তদন্ত কমিটি গঠন করে। এ কমিটি ঘটনার সত্যতা পেলে গত ২৩ ডিসেম্বর সিন্ডিকেটের জরুরি সভায় বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর

রহমানকে প্রধান করে ৬ সদস্যের চূড়ান্ত তদন্ত কমিটি গঠন করা হয়। পরে চূড়ান্ত কমিটি অভিযুক্ত শিক্ষক ড. গোলাম মোস্তফাকে কারণ দর্শানোর জন্য একটি এবং তদন্ত কমিটিকে সহায়তা করার জন্য অভিযুক্তের পক্ষ থেকে একজন প্রতিনিধি যোগের জন্য আবার একটি চিঠি দেয়।

কিন্তু অভিযুক্ত শিক্ষক এ দুটি চিঠির একটিও গ্রহণ না করায় তদন্ত কমিটির কাজ থেমে গেছে। বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার কাজী মতিউদ্দিন জানান, এই শিক্ষকের ছাত্রী ও অস্থায়ী সব ঠিকানায় চিঠি দেয়া হলেও তিনি তা গ্রহণ করেননি। অন্যদিকে বিচার প্রক্রিয়া বিলম্বিত করার জন্যই এই শিক্ষক এ কাজ করছেন বলে একাধিক সূত্র জানিয়েছে।